

সিডনীতে বাংলাদেশ কনসুলেটের সামনে বিক্ষোভ

বেগম খালেদা জিয়া, তারেক রহমান ও আরাফাত রহমান সহ বিএনপি'র নেতৃবৃন্দের বিরুদ্ধে দায়েরকৃত সকল মামলা প্রত্যাহারের দাবীতে গত ২২শে নভেম্বর, ২০০৯, রোববার, বাংলাদেশ জাতীয়তাবাদী দল অস্ট্রেলিয়া



শাখার সদস্যরা বাংলাদেশ দূতাবাসের সিডনিস্থ কনসুলেট অফিসের সামনে বিক্ষোভ প্রদর্শন করে।

বাংলাদেশ জাতীয়তাবাদী দল অস্ট্রেলিয়া শাখার আহ্বায়ক দেলোয়ার হোসেনের সভাপতিত্বে এবং সিনিয়র যুগ্ম আহ্বায়ক মনজুর সারোয়ার বাবুর পরিচালিত সমাবেশে বক্তব্য রাখেন জিয়া পরিষদের প্রাক্তন সভাপতি ড. হুমায়ের চৌধুরী রানা, বিএনপি অস্ট্রেলিয়ার সাবেক সাংগঠনিক সম্পাদক লুৎফুর কবির, বিএনপি অস্ট্রেলিয়ার যুগ্ম আহ্বায়ক মোসলেহউদ্দিন আরিফ, অস্ট্রেলিয়া যুবদলের আহ্বায়ক হাফিজুল ইসলাম তারেক, জিয়া পরিষদ অস্ট্রেলিয়ার সাধারণ সম্পাদক মোবারক হোসেন, বিএনপি নিউ সাউথ ওয়েলস শাখার সাধারণ সম্পাদক আশরাফুল আলম রনি, অস্ট্রেলিয়া ছাত্রদলের আহ্বায়ক মোস্তফা মোরশেদ নিখুন, বিএনপি নেতা রাশেদুল হক মিলন ও অস্ট্রেলিয়া ছাত্রদলের যুগ্ম আহ্বায়ক সালাহউদ্দিন মানিক।

প্রতিবাদ সভায় অন্যান্যের মধ্যে উপস্থিত ছিলেন, অস্ট্রেলিয়া যুবদলের যুগ্ম আহ্বায়ক এস এম রানা, জাসাস অস্ট্রেলিয়ার সাধারণ সম্পাদক আবুল বাশার মিলন, হাসান আল মামুন, অস্ট্রেলিয়া ছাত্রদলের যুগ্ম আহ্বায়ক সজিব আহমেদ, ছাত্রদল নিউ সাউথ ওয়েলস শাখার সভাপতি মোস্তাফিজ আল মামুন, নিউ সাউথ ওয়েলস শাখার সাধারণ সম্পাদক নেসার আহমেদ, মো: আবুল কাশেম, নাসরিন আক্তার, ওমর ফারুক, মাজনুন হাবিব রনি, আব্দুর রহিম, ফয়সাল আহমেদ, হাফিজুর রহমান, মিজানুর রহমান এবং নিগার চৌধুরী।

সমাবেশ শেষে বাংলাদেশ দূতাবাসের কাউন্সিলর ও চ্যান্সারি প্রধান জনাব নজরুল ইসলামের নিকট গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ এর মহামান্য রাষ্ট্রপতি বরাবরে একটি স্মারকলিপি হস্তান্তর করা হয়।